

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা ।

আপনার পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন রাখুন
আপনার শিশুকে টিকা দিন
প্রিয়জনকে বই উপহার দিন ।

নং- ৪৬.১০.০০০০.০১৭.৬১৯.১৮

তারিখঃ-২১/০১/২০১৮ খ্রিঃ

-ঃ দরপত্র বিজ্ঞপ্তি :-

১। এতদ্বারা নিম্নবর্ণিত কাজের জন্য প্রকৃত ব্যবসায়ী ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট হইতে সাদা কাগজে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে । দরপত্র আগামী ১৫/০২/২০১৮ খ্রীঃ তারিখ সকাল-৯.০৫ হইতে দুপুর-১.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তর, বাড়ি# ২৩-২৫, গুলশান সেন্টার পয়েন্ট, রোড নং-#৪৬, গুলশান-২, লেভেল-৯এ রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হইবে । প্রাপ্ত দরপত্র একই দিন বেলা ১.৩০টার সময় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে ।

| ক্রমিক নং | কাজের নাম | উদ্ধৃত দর | নিয়োগের মেয়াদ |
|--------------|---|---|--|
| ১। | আমিনবাজার ট্রাক টার্মিনালের ট্রাক হতে টার্মিনাল ফি আদায় কাজে ইজারাদার নিয়োগ । | ইজারা গ্রহীতাকে উদ্ধৃত দরের ১২০% টাকা কার্যাদেশ প্রাপ্তির পূর্বে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন তহবিলে জমা দিতে হইবে । | কার্যাদেশে উল্লেখিত তারিখ হইতে পরবর্তী ১(এক) বৎসরের জন্য । |

২। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নির্ধারিত ফরমে দরপত্র দাখিল করিতে হইবে ।

৩। উদ্ধৃত দরের ১২০%(উদ্ধৃত দর+১৫% ভ্যাট+৫% আয়কর) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ঢাকাস্থ যে কোন সিডিউল ব্যাংক হইতে ক্রয় পূর্বক) মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুকূলে দরপত্রের সহিত সংযুক্ত করিয়া জমা দিতে হইবে । উল্লেখিত দর অংকে এবং কথায় স্পষ্ট ভাবে লিখিতে হইবে । অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে ।

৪। বিস্তারিত নিয়ম কানুন সম্বলিত সিডিউল অফিস চলাকালীন সময়ে মহাব্যবস্থাপক (পরিবহন) এবং সহকারী ব্যবস্থাপক, গাবতলী ও মহাখালী আন্তঃজেলা বাস টার্মিনালের দপ্তর হইতে প্রতিসেট ৫০০/- (পাঁচশত) টাকা কর্পোরেশন তহবিলে চালান মাধ্যমে জমাদান করিয়া সংগ্রহ পূর্বক তাহা দরপত্রের সহিত সংযুক্ত করিয়া দাখিল করিতে হইবে ।

৫। দরপত্র খোলার তারিখে কোন সিডিউল বিক্রয় হইবে না । দরপত্র গ্রহণ করার দিন কোন কারণ বশতঃ সরকারী ছুটি ঘোষিত হইলে পরবর্তী কার্যদিবসে যথানিয়মে যথাসময়ে দরপত্র গ্রহণ করা হইবে ।

৬। দরপত্র দাতাকে সিডিউল ক্রয়ের জন্য টাকা জমাদানের চালানের কপি, স্থায়ী ও বর্তমান ঠিকানা উল্লেখ পূর্বক চারিত্রিক সনদপত্র, আয়কর সনদপত্র এবং সম্পত্তি তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) দরপত্রের সহিত জমাদান করিতে হইবে ।

(অঃ পৃঃ দঃ)

৫

৭। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



২১/১১/১৮


শ্ৰী. কর্ণেল এম এম সাবের সুলতান, ইএমই
মহাব্যবস্থাপক (পরিবহন)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
ফোন- ৯৮৫৬৮১১ (অফিস)

স্মারক নং- ৪৬.১০.০০০০.০১৭.৬১৯.১৮

তারিখ-২১/০১/২০১৮ খ্রিঃ।

অনুলিপিঃ-

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। প্রধান জনসংযোগ কর্মকর্তা (বহুল প্রচলিত ০২ টি বাংলা ও ০১ টি ইংরেজি দৈনিক পত্রিকায় যথাসময়ে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। ব্যবস্থাপক (পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। সহকারী ব্যবস্থাপক, গাবতলী ও মহাখালী আন্তঃজেলা বাস টার্মিনাল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৮। নিরাপত্তা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৯। নোটিশ বোর্ড।
- ১০। দপ্তর অনুলিপি।
- ১১। নথি অনুলিপি।



২১/১১/১৮

মহাব্যবস্থাপক (পরিবহন)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
ফোন- ৯৮৫৬৮১১ (অফিস)